তারিখ ..07 DEC 2015...
পৃষ্ঠা: ২৪ কলাম: ২

দৈনিক
ইত্তেফাক

# ইবিতে চার ছাত্র বহিষ্কার

■ ইবি (কুষ্টিয়া) সংবাদদাতা

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ভর্তি জালিয়াতি ও শৃঙ্খলা ভঙ্গের অপরাধে চার ছাত্রকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। রবিবার ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্র শৃঙ্খলা কমিটির সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মাহবুবুর রহমান বলেন, এবারের ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে বাংলা বিভাগের ২০০৯-১০ শিক্ষাবর্ষের ছাত্র সাজ্জাদ হোসেন এবং গণিত বিভাগের একই শিক্ষাবর্ষের ছাত্র রিপন আলীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এছাড়া ইংরেজি বিভাগের ২০০৮-০৯ শিক্ষাবর্ষের শাহজাহান কবির সোহেলকে বিশ্ববিদ্যালয়ের পরিবহন অফিসের কর্মচারীকে মারধরের অপরাধে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

একই সঙ্গে এই ছাত্রদের কেন স্থায়ী বহিষ্কার করা হবে না এই মর্মে কারণ দর্শানোর নোটিস দেয়া হবে। এছাড়া বাংলা বিভাগের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের ছাত্র শরিফুল ইসলামকে ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে এক শিক্ষাবর্ষের জন্য বহিষ্কার করা হয়েছে। বহিষ্কার আদেশ কার্যকর থাকা অবস্থায় ওই চার ছাত্রের সকল প্রকার একাডেমিক কার্যক্রম স্থগিত থাকবে।